

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়

মতিঝিল, ঢাকা-১০০০।

৪৩


জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত ০৬-০৮-২০১৬ খ্রি: তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।  
সভার তারিখ : ০৬-০৮-২০১৬ খ্রি:।  
সময় : বিকাল ৪:৩০ ঘটিকা।  
স্থান : মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ।  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি দিবসটি উদযাপনের গুরুত্ব তুলে ধরেন এবং বোর্ডের পক্ষ হতে দিবসটি উদযাপনের বিষয়ে বিভিন্ন কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। সভায় বোর্ডের সকল অতিরিক্ত মহাপরিচালক, প্রধান প্রকৌশলী, চীফ মনিটরিং, চীফ প্ল্যানিংসহ সকল দপ্তর প্রধান ও বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক্রঃ নং	জাতীয় শোক দিবসের কর্মসূচি	বাস্তবায়নকারী দপ্তর
০১।	১৪ আগস্ট, ২০১৬ খ্রি: তারিখ সকালে জাতির পিতার আত্মার মাগফিরাতের জন্য পবিত্র কোরআন খতম করা হবে।	কল্যাণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
০২।	১৪ আগস্ট, ২০১৬ খ্রি: তারিখ বাদ যোহর বোর্ডের সভাকক্ষে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে।	কল্যাণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
০৩।	১৪ আগস্ট, ২০১৬ খ্রি: তারিখে বোর্ডের সভাকক্ষ প্রস্তুত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৪।	অবিলম্বে মতিঝিলস্থ ওয়াপদা ভবনের, মূল ফটকে শোক দিবসের ব্যানার স্থাপন করা হবে।	ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
০৫।	পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের র্যালীতে অংশগ্রহণের জন্য মানসম্মত একটি ব্যানার প্রস্তুতকরতে হবে এবং শোক দিবসের তাৎপর্য তুলে ধরে কতিপয় প্লাকার্ড তৈরি করতে হবে।	ঢাকা পওর বিভাগ-২
০৬।	বাপাউবোর মাঠ পর্যায়ের দপ্তরসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সঙ্গতি রেখে জাতীয় শোক দিবসের কর্মসূচিতে অংশগ্রহণ করবে। এতদ উপলক্ষে অবিলম্বে মাঠ পর্যায়ের দপ্তর সমূহের প্রতি নির্দেশনা পত্র জারী করতে হবে।	বোর্ড সচিবালয়।
০৭।	আগামী ১৫ আগস্ট ২০১৬ খ্রি: তারিখ সকাল ০৭ ঘটিকার মধ্যে ৭২ গ্রীনরোডস্থ ডিজাইন অঙ্গণে ঢাকাস্থ বাপাউবোর সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ আবশ্যিকভাবে জমায়েত হয়ে গ্রীনরোড হতে রাসেল স্কয়ার পর্যন্ত শোক র্যালীতে অংশগ্রহণ করবে।	স্ব-স্ব দপ্তর প্রধান বিষয়টি নিশ্চিত করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(মোঃ মাহফুজুর রহমান)  
মহাপরিচালক  
বাপাউবো, ঢাকা।

স্মারক নং : ২২৮ পাউবো/সচি/বোড-২

তারিখ : ০৭ আগস্ট ২০১৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী..... বাপাউবো..... (তাঁর অধীনস্থ দপ্তরসমূহকে বিষয়টি অবহিত ও পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)।
২. চীফ মনিটরিং/ প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক..... বাপাউবো.....।
৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৬. অফিস কপি/মাষ্টার কপি।

  
(সৈয়দ মাহফুজুর রহমান)  
উপ-সচিব (বোর্ড)  
বাপাউবো, ঢাকা।